

শবাধারে জ্যোৎস্না

মোহিত চট্টোপাধ্যায়

বয়স বেড়েছে বিজনে আমার
বাড়েনি সময়ে, শয়নে ।
ভ্রমণ আমারে ডাকেনি বাহিরে
জেগেছি কি যেন চয়নে ।
হল না তেমন বৃকে আহরণ
এল না বাগান নয়নে ।

পাখি উড়ে যায়,
প্রতিযোগিতায়
জ্যোৎস্নাও যায় ফাগুনে ।
দুয়ারে রঙন
কে করে হরণ
ঘুমাল কে একা আগুনে ।

বয়স বেড়েছে বিজনে আমার ।
বাড়েনি সময়ে, শয়নে ।
অমাবস্যায় চাঁদ ফিরে যায়
সব দোষ এই নয়নে ।